মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের স্বাধীনতা দিবস পালন

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে মেহেরপুরের অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর আয়োজনে শুক্রবার বিকালে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা, কবিতা আবৃত্তি ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর সভাপতি অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন সংগঠনের সহ-সভাপতি নূরুল আহমেদ এবং নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কবি ও গীতিকার বাশরী মোহন দাস, সংগঠনের প্রচার ও প্রকাশনা সম্পাদক আবু নায়েছ লাবলু, সদস্য মোঃ শাহজাহান, আবুল হাসেম, কবি মাহফুজা সুলতানা সুমি, শিল্পী ও কবি আসাদুল ইসলাম খোকন প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় অনুষ্ঠানে কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি ম. গোলাম মোস্তফা, মুহাম্মদ মহসীন, এস. এম. এ. মান্নান, বাশরী মোহন দাস, শফিকুর রহমান সেন্টু, নূর হোসেন, সাইফুল ইসলাম ও বদরুদ্দোজা বিশ্বাস প্রমুখ।

আলমডাঙ্গায় গণহত্যা ও স্বাধীনতা দিবস পালন উপলক্ষে

প্রস্তুতি সভা

আলমডাঙ্গায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলা হলরুমে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার।

সভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা শারমিন আক্তার, প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. এস এম মাহামুদুল হক, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আহসান হাবিব, একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী, বীর মুক্তিযোদ্ধা শফি উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা নওয়াব আলী, আলমডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যাপক ডা. মাহাবুব আলম, মহিলা কলেজের সহকারী অধ্যাপক আব্দুল কুদ্দুস, হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল হক, জামায়াতের সেক্রেটারি মামুন রেজা, উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপির সভাপতি আজিজুল হক পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিলন, ইকবাল হোসেন, রেবা রানী সাহা প্রমুখ।

দামুড়হুদায় গণহত্যা ও

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেলের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহা. মশিউর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার এসআই সাইফুল ইসলাম, দর্শনা থানার এসআই আশিক, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা জামায়াতে ইসলামের আমির নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদ দৌলা টিটন, উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতি মামুনুর রশীদ, বীর মুক্তিযোদ্ধাগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

প্রস্তুতি সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় জাঁকজমকপূর্ণভাবে পালনের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল সরকারের গৃহীত বিভিন্ন আলোচ্য বিষয় ও কর্মসূচি তুলে ধরেন এবং সভায় উপস্থিত অতিথিদের কাছ থেকে মতামত আহ্বান করেন।

এ সময় উপস্থিত অতিথিবৃন্দের মতামতের ভিত্তিতে দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

[redacted]

[redacted]

করেন, উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত।

পরে মনোমুগ্ধকর কুচকাওয়াজ ও বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে অনুষ্ঠিত হয় উপজেলা নির্বাহী অফিসার ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ শান্তির প্রতীক কবুতর উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন এ সময় বাংলাদেশ পুলিশ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিএনসিসি এবং বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা মনোজ্ঞ কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করেন।

কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রোদর্শনের পরে বিভিন্ন ক্রীড়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয় বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা শেষে মুক্তিযুদ্ধ এবং যুদ্ধ পরবর্তী সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল শেষে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে স্বাধীনতা দিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের আলোচনা সভা

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে “স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভা,কোরআন খতম ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার (২৬ মার্চ) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে এ আলোচনা সভা,কোরআন খতম ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

জেলা ইসলামী ফাউন্ডেশন আয়োজিত আলোচনা সভায় এছাড়া জেলা মডেল

মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান,ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম, ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনার পরে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান উদ্দিপনার মধ্যে দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ৩১বার তোপধ্বনির মধ্যে দিয়ে শুরু হয় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের শুভ সূচনা ।

পরে সকাল ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোশারফ হোসেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস,এম জাবিদ হাসান প্রমুখ

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা,যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনার আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার (২৬ মার্চ) জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ আলোচনা সভা ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

এছাড়াও এসময় অতিরক্ত জেলা প্রশাসক তানভীর হোসেন রুমন,পি পি পল্লব ভট্টাচার্য,বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম,জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস

মেহেরপুরে নানা আয়োজনে মধ্য দিয়ে পালিত হচ্ছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। মঙ্গলবার (২৬ মার্চ) সকালে সার্কিট হাউজ প্রাঙ্গণে তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়।

মেহেরপুর স্টেডিয়ামে জেলা প্রশাসক শামীম হাসান জাতীয় সংগীতের

তালে তালে জাতীয় পতাকা উত্তোলন করেন। এ সময় সেখানে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করা হয়।

মহান স্বাধীনতা দিবসের প্যারেডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ,জেল পুলিশ,ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি, বিএনসিসি সরকারি কলেজ, বিএনসিসি সরকারি মহিলা কলেজ,সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা মহড়ায় অংশগ্রহণ করেন।

এ সময় জেলা প্রশাসক মোঃ শামীম হাসান ও পুলিশ সুপার এস এম নাজমুল হক প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন।

পরে তারা শান্তির প্রতীক পায়রা ওড়ান এবং জেলা প্রশাসক মেহেরপুর বাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। পরে সেখানে মনোজ্ঞ শরীরচর্চা প্রদর্শন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় স্থানীয় সরকার উপ-পরিচালক শামীম হোসেন,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুল কাদির মিয়া,সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল,বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিমসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, ওসি তদন্ত একরামুল হোসাইন, পৌরসভার প্যানেল মেয়র খন্দকার মুজিবুল হক, হারদী হসপিটালের আর এম ও ডাক্তার শারমিন সুলতানা, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার রেহানা পারভীন, রূপালী ব্যাংকের ব্যবস্থাপক আনোয়ার হোসেন,বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা সাবেক সাবেক পৌর মেয়র এম সবেদ আলী, বীর মুক্তিযোদ্ধা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার আব্দুল কুদ্দুস, একাত্তরের অগ্নি সেনা বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আনসার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, কোষাধ্যক্ষ আলাউদ্দিন মিয়া, স্যার ডিলার সমিতির সভাপতি হাজী রফিকুল ইসলাম, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন।

তাছাড়া অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, উপজেলা মডেল মসজিদের ইমাম মাসুদ কামাল, উপজেলা মডেল মসজিদের হাজী হাফেজ ওমর ফারুক প্রমুখ।

জীবননগরে স্বাধীনতা দিবস

[redacted]

[redacted]